"শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ"

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী, সুনামগঞ্জ।

Tel : 0871-62931
: 0871-62930
Fax : 0871-62930
Mob : 01769-400075
E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯০৮৯.৫৬৮.০৩.৩১০.১৭. 2268

তারিখঃ- ১৬ শ্রাবণ' ১৪২৪ বঙ্গাব্দ
৩১ জুলাই'২০১৭ খ্রিষ্টাব্দ

....

....

....

....

বিষয় ঃ-কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (আউট সোর্সিং) "নিরাপত্তা প্রহরী নিয়োগ" এর দরপত্র বিজ্ঞপ্তি।

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন দিরাই সাব-জোনাল অফিসের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে চুক্তিভিত্তিতে ০৩ (তিন) জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হবে। আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ও নিম্নোক্ত ছক আকারে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

জনপ্রতি মাসিক সাকুল্য বেতন (ভ্যাট ছাড়া)	জনপ্রতি মাসিক সার্ভিস চার্জ	জনপ্রতি সাকুল্য বেতন ও সার্ভিস চার্জের উপর ১৫% ভ্যাট	জনপ্রতি মাসিক মোট সাকুল্য বেতন (সার্ভিস চার্জ ও ভ্যাটসহ)	জনপ্রতি মাসিক আয়কর (শুধমাত্র সার্ভিস চার্জের উপর)	জনপ্রতি মাসিক মোট দর (সার্ভিস চার্জ, ভ্যাট ও আয়করসহ)	০৩ (তিন) জনের মাসিক মোট দর (সার্ভিস চার্জ, ভ্যাট ও আয়করসহ)	জনপ্রতি বছরে ০২ টি উৎসব ভাতার পরিমান	জনপ্রতি বছরে ০১ টি নববর্ষ ভাতার পরিমান
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
		(১+২ এর ১৫ %)	(১+২+৩)	(২ এর ১০%)	(৪+৫)	(৬ × ৩)	(১ × ২ টি)	(নির্ধারিত হারে)

শর্তাবলীঃ

০১. নিরাপত্তা প্রহরীগণকে কমপক্ষে এসএসসি পাশ হতে হবে।

০২. নিরাপত্তা প্রহরীগণ সুনামগঞ্জ পবিস এর নিয়ন্ত্রনাধীন থেকে (ইউনিফর্ম পরিহিত) পূর্ণ পোশাকে (দিনে ও রাতে) বছরে ৩৬৫ দিন নিরাপত্তার দায়িত্ব ও কর্তব্য পালন করতে হবে। নিয়োজিত কর্মচারীগণ কাজের স্বার্থে ছুটির দিনে বা অফিস সময়ের পরে দায়িত্ব পালনে বাধ্য থাকবেন। এক্ষেত্রে কোন ভাতা প্রদান করা হবে না।

০৩. নিরাপত্তা প্রহরীগণকে সুস্থ ও সুঠাম দেহের অধিকারী এবং নিরাপত্তা বিষয়ে অভিজ্ঞ ও প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।

০৪. ছুটিতে যাওয়া, অসুস্থ, অসামর্থ অথবা অন্য যে কোন কারণে ও পরিবর্তনের যোগ্য নিরাপত্তা কর্মীকে সরবরাহকারী প্রতিষ্ঠান তার নিজ দায়িত্বে প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহন করতে হবে। কর্তব্যরত নিরাপত্তা প্রহরীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠানের পরিদর্শকগণ আকস্মিক পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করবেন।

০৫. নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের বেতন, ভাতা, থাকা, খাওয়া, পোষাক, চিকিৎসা এবং যাতায়াত খরচ ও পোষাক, বেল্ট, ক্যাপ, নেম প্লেট, কোম্পানীর মনোগ্রাম, আইডি কার্ড, বাঁশি ইত্যাদি সংশ্লিষ্ট নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে। উক্ত বিষয়ে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কোন দায় বহন করবে না।

০৬. নিরাপত্তা প্রহরীদের হাজিরা কার্ড/রেজিষ্টারের রেকর্ড মোতাবেক পারিশ্রমিক/কভারেজ ডিউটির মাসিক মজুরী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। প্রয়োজনে ডিডি কমিশন চার্জ পরিশোধ সাপেক্ষে ডিডি দেওয়া যেতে পারে।

০৭. নিয়োজিত জনবলের অদক্ষতা বা অবহেলার কারণে নিয়োগকারী প্রতিষ্ঠানের কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করতে হবে। সরবরাহকৃত জনবলের মধ্যে কারও কাজেরমান সন্তোষজনক না হলে বা কাহারও বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে তাহা লিখিতভাবে অববহিত হওয়ার পর ৭২ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল প্রতিস্থাপন করতে হবে।

০৮. নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্টান কর্তৃক অত্র পবিসের কাজের জন্য সরবরাহকৃত নিরাপত্তা কর্মীদের সত্যায়িত ০২ (দুই) কপি ছবিসহ জীবন বৃত্তান্ত জমা প্রদান করতে হবে। নিরাপত্তা কর্মীদের চারিত্রিক বিষয়ে প্রয়োজনীয় পুলিশি তদন্ত নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ০২ (দুই) মাসের মধ্যে সম্পন্ন পূর্বক তার অনুলিপি অত্র পবিসে জমা প্রদান করতে হবে।

০৯. কৃতকার্য প্রতিষ্ঠানকে নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্টাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদনের পূর্বে সরবরাহযোগ্য লোকবলের বিপরীতে ০১ (এক) মাসের বেতনের সম পরিমান অর্থ নিরাপত্তা জামানত হিসাবে ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার আকারে জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পবিস এর বরাবরে জমা দিতে হবে। উক্ত জামানত সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে ফেরৎযোগ্য। তবে চুক্তির শর্ত ভঙ্গের ক্ষেত্রে উক্ত জামানত বাজেয়াপ্ত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০. জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক স্বচ্ছলতার সনদ, ভ্যাট নিবন্ধন সনদ, আয়কর সনদেও (ইটিআইএন) সত্যায়িত কপি দাখিল করিতে হবে। অসম্পূর্ণ দরপ্রস্তাব সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. নিয়মানুযায়ী মজুরী হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করা হবে।

১২. জনবল সরবরাহের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের ক্ষেত্রে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিভিন্ন বিভাগে নিরাপত্তা প্রহরী পদে লোকবল সরবরাহের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। অভিজ্ঞতার প্রমানক হিসাবে বর্ণিত প্রতিষ্ঠানের কার্যাদেশের কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৩. দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হবে।

উপরোক্ত শর্তসমূহ প্রতিপালন করে নিরাপত্তা প্রহরী সরবরাহে আগ্রহী হলে উপরোক্ত ছক মোতাবেক আর্থিক প্রস্তাবনা সহ অন্যান্য শর্তাবলী (যদি থাকে) উল্লেখ পূর্বক আবেদন/দরপ্রস্তাব আগামী ০৯/০৮/২০১৭ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে বা হাতেহাতে পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, ৯ম তলা, বাপবিবো, ঢাকা অথবা সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েজখালীস্থ সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিলের জন্য অনুরোধ করা হল। একই দিন বেলা ১২.৩০ ঘটিকার সময় দরদাতাগণের (যদি কেহ উপস্থিত থাকেন) উপস্থিতিতে দরপ্রস্তাব খোলা হবে। বিলম্বে প্রাপ্ত দরপ্রস্তাব সরাসরি বাতিল বলে গণ্য হবে।

31.7.17

(মোঃ সোহেল পারভেজ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (সদয় অবগতির জন্য)।

০১. নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২. পরিচালক, মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩. পরিচালক, পবিস উন্নয়ন ও পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড ঢাকা।
০৪. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .... পবিস-১/২/৩/৪ ।
০৫. ডিজিএম, ছাতক জোনাল অফিস/সদর-কারিগরী, সুনামগঞ্জ পবিস।
০৬. এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম), সুনামগঞ্জ পবিস।
০৭. নোটিশ বোর্ড।
০৮. অফিস/মাষ্টার কপি।

31.7.17

(মোঃ সোহেল পারভেজ)
জেনারেল ম্যানেজার

558